

বান্দরবানে কলাগাছের আঁশ থেকে সুতা উৎপাদন ও কাপড় বুননের প্রশিক্ষণ শুরু

নিজস্ব প্রতিবেদক ৬ ফেব্রুয়ারী ২০২৩ ৬:৩৩ অপরাহ্ন ০



জেলা প্রশাসক ইয়াছমিন পারভীন তিবরীজি কলাগাছের আঁশ থেকে কাপড় বুননের সুতা উৎপাদন ও কাপড় বুননের প্রশিক্ষণ কর্মসূচীর উদ্বোধন করেন। ছবি-পাহাড়বার্তা

19
শেয়ার

f শেয়ার

টুইট

বান্দরবানে কলাগাছের আঁশ থেকে কাপড় বুননের সুতা উৎপাদন ও কাপড় বুননের প্রশিক্ষণ শুরু হয়েছে। আজ ৬ই ফেব্রুয়ারী (সোমবার) সকালে বান্দরবানের জেলা প্রশাসকের উদ্যোগে সার্কিট হাউসের হলরুমে এই প্রশিক্ষণ কর্মসূচী শুরু হয়।

এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে জেলা প্রশাসক ইয়াছমিন পারভীন তিবরীজি কলাগাছের আঁশ থেকে কাপড় বুননের সুতা উৎপাদন ও কাপড় বুননের প্রশিক্ষণ কর্মসূচীর উদ্বোধন করেন।

অনুষ্ঠানে স্থানীয় সরকারের উপ-পরিচালক (উপসচিব) মো.লুৎফুর রহমান, মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক আতিয়া চৌধুরী, নির্বাহী ম্যাজিস্ট্রেট রাজিব কুমার বিশ্বাস, সুতা ও কাপড় তৈরীর প্রশিক্ষক রাধাবতি দেবি, স্যামন্ত কুমার সিংহ, বান্দরবান বিশ্ববিদ্যালয়ের প্রভাষক সাইং উ নিনিসহ বান্দরবানের বিভিন্ন সংগঠনের নারী নেত্রী ও প্রশিক্ষণার্থীরা উপস্থিত ছিলেন।

কর্মসূচীর উদ্বোধনী অনুষ্ঠানে জেলা প্রশাসক ইয়াছমিন পারভীন তিবরীজি প্রধান অতিথির বক্তব্য রাখতে গিয়ে বলেন, নারীদের উন্নয়নে কাজ করে যাচ্ছে জেলা প্রশাসন। জেলা প্রশাসনের উদ্যোগে নারীদের অর্থনৈতিক গতি আরো ত্বরান্বিত করতে বিভিন্ন প্রশিক্ষণ চলমান রয়েছে আর কলাগাছের আঁশ থেকে কাপড় বুননের সুতা উৎপাদন ও কাপড় বুননের প্রশিক্ষণ নারীদের আরো এগিয়ে নেবে।

এসময় জেলা প্রশাসক আরো বলেন, প্রধানমন্ত্রী সম্প্রতি জেলা প্রশাসকদের ২৫টি নির্দেশনা প্রদান করেছেন যার মধ্যে নারীদের উন্নয়ন এবং স্থানীয় পণ্যের প্রচার ও প্রসারের প্রতি গুরুত্ব দিয়েছেন আর আমাদের বান্দরবানের নারীদের উন্নয়নে আমরা সবাই কাজ করে যাচ্ছি। এসময় জেলা প্রশাসক নারীদের ঘরের কোণে বসে না থেকে বিভিন্ন শিক্ষামূলক প্রশিক্ষণ গ্রহণ এবং নিজ নিজ গুণে নিজেকে প্রতিভাবান করে নিজের পায়ে নিজেকে দাঁড়ানো এবং নারীদের অর্থনৈতিক অবস্থার উন্নয়নের ওপর বিশেষ জোর দেন।

আয়োজকেরা জানান, এবারের প্রশিক্ষণে জেলা সদরের ৩০জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করছে আর এই প্রশিক্ষণ চলবে আগামী দুই সপ্তাহ পর্যন্ত। আর এই প্রশিক্ষণের মাধ্যমে পার্বত্য জেলার নারীরা কলাগাছের আঁশ থেকে কাপড় বুননের সুতা উৎপাদন এবং কাপড় বুননের বিশদ প্রশিক্ষণ পেয়ে লাভবান হবে এই শিল্পের সাথে জড়িত হয়ে তাদের অর্থনৈতিক অবস্থার ব্যাপক উন্নয়ন হবে।

19
শেয়ার

f শেয়ার

টুইট

সাম্প্রতিক

হামলার শিকার ব্যাঙ্কিকেই অব্যাহতির সুপারিশ লামার মেয়রের !
বান্দরবানে উদ্ধারকৃত মোবাইল ফোন মালিকদের বুঝিয়ে দিল পুলিশ
কাণ্ডাইয়ে নানন্দিক ট্রি হাউস লাইব্রেরি গ্রন্থকুটির
ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত
অসুস্থ ছেলেকে বাঁচাতে হতভাগ্য মায়ের আকুতি
রাইখালী পাহাড়ি কৃষি গবেষণা কেন্দ্রে বারি কুল ৪ জাতের উদ্ভাবন
বান্দরবানে ৫ জঙ্গি আটক, ৮ র্যাব সদস্য আহত
২৭৩ জন রোহিঙ্গা গেল ট্রানজিট ক্যাম্পে

[🏠](#) [জাতীয়](#) [বান্দরবান](#) [রাঙামাটি](#) [খাগড়াছড়ি](#) [রাজনীতি](#) [পর্যটন](#) [বাণিজ্য](#) [অপরাধ](#) [শিক্ষা](#) [সংস্কৃতি](#) [খেলা](#) [বিশেষ বিভাগ](#) [নির্বাচন](#) [আলাপন](#)

© 2023 - PaharBarta.com. All Rights Reserved.

Website Design: DigitB

